দৈনিক
ইনকিলাব

তারিখ 15 JAN 2009
পৃষ্ঠা ৩ কলাম

# বিশ্বমানের শিক্ষা প্রসারের মাধ্যমে সোনার বাংলা গড়তে ঐক্যবদ্ধভাবে কাজ করুন

## -শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ কারিগরি জ্ঞানসমৃদ্ধ পেশাজীবী সৃষ্টি এবং আধুনিক জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তিনির্ভর বিশ্বমানের শিক্ষা প্রসারের মাধ্যমে জনগণের স্বপ্নের সোনার বাংলা বাস্তবায়নে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানিয়েছেন। গতকাল (বুধবার) গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুলের অডিটোরিয়ামে সেকেন্ডারি-এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট (এসইএসডিপি) আয়োজিত সৃজনশীল প্রশ্ন পদ্ধতি এবং বিদ্যালয়ভিত্তিক মূল্যায়ন পদ্ধতি (এসবিএ) বাস্তবায়ন বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণের চার দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ভারপ্রাপ্ত মহাপরিচালক প্রফেসর খান হাবিবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে এসইএসডিপির প্রকল্প পরিচালক প্রফেসর মোঃ আতিয়ার রহমান বক্তব্য রাখেন। শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষা কোন দলীয়, গোষ্ঠীগত বা আঞ্চলিক বিষয় নয়-জাতীয় অগ্রাধিকারের বিষয় এটি। বিশাল এ খাতে কোনক্রমেই কোনরকম দুর্নীতি, অনিয়ম ও বিশৃংখলা বরদাশত করা হবে না। তবে সৃজনশীল যে কোন উদ্যোগকে সরকার নানাভাবে উৎসাহিত করবে। নুরুল ইসলাম নাহিদ বলেন, এবারের জাতীয় নির্বাচনের গণরায়ে জনগণ দুর্নীতি, দ্রব্যমূল্য, বিদ্যুৎসহ নানা ইস্যুভিত্তিক বিষয়কে বিবেচনা করলেও সম্মিলিত চিন্তায় আরো বড় প্রত্যাশা জাতি প্রকাশ করেছে। তিনি বলেন, জনগণ উন্নত, দারিদ্র্যমুক্ত ও আধুনিক বাংলাদেশ দেখতে চায়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার জনগণের ম্যান্ডেট বাস্তবায়নে সকলকে ঐক্যবদ্ধ করে আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করবে। তিনি শিক্ষক সমাজকে শিক্ষার বড় নিয়ামক শক্তি হিসেবে উল্লেখ করে সরকারের পক্ষ থেকে তাদের সম্মান ও শ্রদ্ধা জানান এবং জাতি গঠনে তাদের আরো দক্ষ, কর্তব্যনিষ্ঠ ও মননশীল হবার আহ্বান জানান।